**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষি ও বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন, আগামী দু বছরের মধ্যে রাজ্যকে খাদ্যে স্বয়ংভর করে তোলার লক্ষ্যে রাজ্য সরকার প্রয়াস চালিয়ে যাচ্ছে।**

**(২) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আসন্ন বর্ষা মরশুমের আগেই রাজ্যে নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রীর পর্যাপ্ত মজুত রাখার উদ্যোগ নেওয়া হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন অপারেশন সিন্দুরের মাধ্যমে সন্ত্রাসীদের ঘাঁটি ধ্বংস করে ভারত পাকিস্তানকে উপযুক্ত জবাব দিয়েছে।**

**(৪) নতুন দিল্লির ভারত মন্ডপমে রাইজিং নর্থ ইস্ট ইনভেসটর্স সামিটের উদ্বোধন আগামীকাল।**

********************************************

**Ratanlal Nath :**

কৃষি ও বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন, আগামী দু বছরের মধ্যে রাজ্যকে খাদ্যে স্বয়ংভর করে তোলার লক্ষ্যে রাজ্য সরকার প্রয়াস চালিয়ে যাচ্ছে। আজ উদয়পুরের মাতাবাড়ি ব্লকের কৃষি তত্বাবধায়ক অফিসের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি উদয়পুর ধনী সাগরের পাশে "সুপারিন্টেন্ড অফ এগ্রিকালচারাল অফিস"-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তাছাড়া তিনি গোমতী জেলার গর্জিতে আজ ১৭ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৩৩ কিলো ভোল্ট পাওয়ার সাবস্টেশন ও দ্বিতল কন্ট্রোলরুম ভবনের আজ দ্বার উদ্ঘাটন করেন। আজ গর্জি বাজারে

আয়োজিত পিএম সূর্য ঘর মুফত বিজলি যোজনার এক মেগা শিবিরেরও উদ্বোধন করেন বিদ্যুৎমন্ত্রী।

****************************

**World Bio-Diversity Day :**

বন ও বিজ্ঞান প্রযুক্তি মন্ত্রী অনিমেষ দেববর্মা, জৈববৈচিত্র এবং প্রকৃতি রক্ষা করার জন্য সমাজের সকল অংশের মানুষকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। আজ আন্তর্জাতিক জৈব বৈচিত্র্য দিবস উপলক্ষে আগরতলার প্রজ্ঞা ভবনে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এই আহ্বান জানান। বন দপ্তর ও ত্রিপুরা জৈব বৈচিত্র পর্ষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠান উপলক্ষে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। এবছরের আন্তর্জাতিক জৈব বৈচিত্র্য দিবসের থিম "প্রকৃতির সঙ্গে সঙ্গতি রেখে টেকসই উন্নয়ন"।

****************************

**Sushanta Chowdhury :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আসন্ন বর্ষা মরশুমের আগেই রাজ্যে নিত্য প্রয়োজনীয় খাদ্যসামগ্রীর পর্যাপ্ত মজুত রাখার উদ্যোগ নেওয়া হয়েছে। আজ আগরতলায় সচিবালয়ে অনুষ্ঠিত পর্যালোচনা বৈঠকে তিনি একথা জানান। বৈঠকে তিনি বলেন, বাজারে নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে রাখা ও কালোবাজারী প্রতিরোধে খাদ্য দপ্তর সচেষ্ট রয়েছে। উপস্থিত ছিলেন খাদ্য দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধন, অধিকর্তা সুমিত লোধ, এফ.সি.আই, বিভিন্ন বনিক সভার প্রতিনিধিগণ।

****************************

**Oparetion Sindoor-Art :**

আগরতলার ললিত কলা একাডেমির গ্যালারিতে ললিত কলা একাডেমির ত্রিপুরা শাখার উদ্যোগে অনুষ্ঠিত হলো দুদিনব্যাপী ছবি আঁকার কর্মশালা। ২৫ জন শিল্পী অপারেশন সিন্দুর নিয়ে নিজেদের ভাবনাকে রং তুলির

মাধ্যমে ক্যানভাসে ফুটিয়ে তোলেন। ছবিগুলির মধ্য দিয়ে এই শিল্পীরা দেশপ্রেমের বার্তা এবং সেনাবাহিনীর প্রশংসা করেছেন।

***************************

**Tiranga Yatra :**

কৈলাশহরের চন্ডীপুর ব্লক এলাকায় আজ "তিরঙ্গা যাত্রা" অনুষ্ঠিত হয়। নানা বয়সের নানা পেশার মানুষ ত্রি-বর্ণ রঞ্জিত জাতীয় পতাকা হাতে করে এই কর্মসূচিতে সামিল হন। "অপারেশন সিঁদুর" এ ভারতীয় সেনাবাহিনীর বীরগাঁথাকে কুর্ণিশ জানিয়ে এই কর্মসূচির আয়োজন। উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, চন্ডীপুর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিনয় সিংহ প্রমুখ।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নমঃ APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৩ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*****************************

***************************

**Minister Sudhangshu Das :**

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস আজ দুপুরে ঊনকোটি জেলার ফটিকরায়ে মৎস্য বাজার শেড ও একটি বেকার শেডের উদ্বোধন করেন। তিনি বলেন,

রাজ্যের ৯৮ শতাংশ মানুষ মৎস্যভোজী। রাজ্যে বর্তমানে মাছ উৎপাদনে ঘাটতি রয়েছে ৩১ হাজার মেট্রিক টন। এই ঘাটতি পূরণে সরকার বহুমুখী কর্মসূচী জারি রেখেছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সুমতি দাশ, ব্লকের বি.ডি.ও ডক্টর সুদীপ ভৌমিক, মৎস্য উপ-অধিকর্তা তারেন্দ্র দেববর্মা প্রমুখ।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Operation Sindoor :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বলেছেন যে অপারেশন সিন্দুরের মাধ্যমে সন্ত্রাসীদের ঘাঁটি ধ্বংস করে ভারত পাকিস্তানকে উপযুক্ত জবাব দিয়েছে। তিনি বলেছেন যে সরকার সশস্ত্র বাহিনীকে পদক্ষেপ নেওয়ার স্বাধীনতা দেয়ার ফলে তিনটি বাহিনী কৌশলগতভাবে পাকিস্তানকে নতজানু হতে বাধ্য করেছে। প্রধানমন্ত্রী বলেন যে পাকিস্তান কখনই ভারতের সঙ্গে সরাসরি যুদ্ধে জিততে পারে না এবং সেই কারণেই তারা সন্ত্রাসবাদকে উৎসাহিত

করে ছায়া যুদ্ধে জড়িত। রাজস্থানের বিকানেরে এক জনসভায় ভাষণ দেওয়ার সময় শ্রী মোদী একথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, ভারত প্রতিটি সন্ত্রাসী হামলার উপযুক্ত জবাব দেবে এবং পদ্ধতিটি দেশের সশস্ত্র বাহিনী নির্ধারণ করবে। তিনি আরও স্পষ্ট করে বলেন যে ভারত পারমাণবিক হুমকিতে ভীত হবে না। তিনি বলেন, পহেলগামে নৃশংস সন্ত্রাসী হামলার পর দেশবাসী সন্ত্রাসীদের ধ্বংস করার সংকল্প নিয়েছিল এবং সশস্ত্র বাহিনীর বীরত্বের মাধ্যমে দেশ সেই অঙ্গীকার পূরণ করেছে। প্রধানমন্ত্রী বলেন, ভারত স্পষ্ট করে দিয়েছে যে প্রতিটি সন্ত্রাসী হামলার জন্য পাকিস্তানকে চড়া মূল্য দিতে হবে। তিনি আরও বলেন যে পাকিস্তানের সঙ্গে বাণিজ্য বা আলোচনা হবে না এবং আলোচনা কেবল পাক অধিকৃত কাশ্মীর নিয়েই হবে।

######Byte-PM#####

******************************

**Amrit Bharat Station :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এর আগে, আজ বিকানেরের পালানায় জনসভায়, ২৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্প জাতির উদ্দেশে উৎসর্গ করেন। এই উপলক্ষে, প্রধানমন্ত্রী ১৮টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৬টি জেলায় ১০৩টি পুনর্বিকশিত অমৃত স্টেশনের উদ্বোধন করেন। গত ১১ বছরে দেশে শক্তিশালী পরিকাঠামো তৈরির জন্য গৃহীত উদ্যোগগুলি তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, আধুনিক সড়ক ও রেল পরিকাঠামো তৈরির জন্য বেশ কয়েকটি বড় উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, অমৃত ভারত, নমো ভারত, বন্দে ভারত ট্রেনগুলি দেশের গতি এবং অগ্রগতির প্রতিফলন। তিনি বলেন, বুলেট ট্রেন প্রকল্প চলছে এবং সরকার সারা দেশে ১৩০০ রেলওয়ে স্টেশনকে অমৃত ভারত স্টেশন হিসাবে পুনর্নির্মাণের জন্য কাজ করছে।

#######Byte-PM-#######

অনুষ্ঠানে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে রেলপথ রূপান্তরমূলক সংস্কারের সাক্ষী হচ্ছে। গত ১১ বছরে ৩৪ হাজার রেললাইন স্থাপন করা হয়েছে। তিনি বলেন, স্বাধীনতার পর এই প্রথম কোনও সরকার ছোট স্টেশনগুলির প্রতি মনোযোগ দিয়েছে এবং এই স্টেশনগুলি পুনর্নির্মাণ করা হয়েছে। রেলমন্ত্রী বলেন, ২০২৭ সালের মধ্যে ৫০০টি স্টেশন পুনর্নির্মাণ করা হবে।

**************************

**Rising North East Investors Summit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল নতুন দিল্লির ভারত মন্ডপমে রাইজিং নর্থ ইস্ট ইনভেসটর্স সামিটের উদ্বোধন করবেন। উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে কি কি নীতি গ্রহণ করা হয়েছে এবং ওই রাজ্যগুলির নতুন নতুন স্টার্টআপ সম্পর্কে প্রয়োজনীয় তথ্যও এই সম্মেলনে তুলে ধরা হবে।

শীর্ষ সম্মেলনে পর্যটন, আতিথেয়তা, খাদ্য প্রক্রিয়াকরণ ও অনুসারী শিল্প বস্ত্র, হস্তশিল্প, স্বাস্থ্য, শিক্ষা, দক্ষতা বিকাশ, তথ্য প্রযুক্তি, পরিকাঠামো, পণ্য পরিবহন, বিদ্যুৎ, বিনোদন এবং খেলাধূলা সহ বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য বিনিয়োগকারীদের কাছে উপস্থাপিত করা হবে।

******************************

**New out post :**

তেলিয়ামুড়া ও কল্যানপুরে দুটি নতুন পুলিশ ফাঁড়ি স্থাপন করার অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র দপ্তর। জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, এই দুটি ফাঁড়ি তেলিয়ামুড়া থানার অধীনে কৃষ্ণপুরে এবং কল্যাণপুর থানার অধীনে উত্তর মহারাণীপুর ফাঁড়ি স্থাপন করা হবে।

****************************

**Narcotics Meeting :**

আরক্ষা কর্তৃপক্ষ রাজ্যে মাদকবিরোধী অভিযান আরো জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে। এই লক্ষ্যে আজ আগরতলার অরুন্ধুতিনগর পুলিশ লাইনে এন্টি নারকটিক্স টাস্ক ফোর্সের এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন আইজি রমেশ এ রেড্ডি। উপস্থিত ছিলেন এন্টি নারকোটিক্স টাস্ক ফোর্স এর পুলিশ সুপার পিয়া মাধুরী মজুমদার ও পুলিশের অন্যান্য পদস্থ আধিকারিকগণ।

*******************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলায় জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ৩-২ গোলে সাই এস টি সি দলকে পরাজিত করে।

****************************

**IMD :**

ভারতীয় আবহাওয়া দফতর জানিয়েছে যে দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু এ বছর তাড়াতাড়ি প্রবেশ করতে পারে এবং আগামী ২ থেকে ৩ দিনের মধ্যে কেরালায় মৌসুমী বায়ু প্রবেশের পূর্বাভাস দেয়া হয়েছে। জানানো হয়েছে, আগামী ২-৩ দিনের মধ্যে মহারাষ্ট্র, কোঙ্কন, গোয়া এবং গুজরাটে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আসাম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরা সহ উত্তর-পূর্ব ভারতের অঞ্চলগুলিতে রবিবার পর্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ঊনকোটি, ধলাই, গোমতী এবং দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ ঘন্টায় ৩০

থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ারও সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলা বিমানবন্দর এলাকায় ১৭.৮ মিলিমিটার বৃষ্টি হয়েছে।

*****************************